স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — জুন ও ডিসেম্বর, ২০০৯

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (চতুর্থ পত্র)

সময় ঃ চার ঘণ্টা

পূর্ণমান ঃ ১০০

মানের গুরুত্ব ঃ ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০×২=৪০

ক) " 'কপালকুণ্ডলা' বঙ্কিমচন্দ্রের মানস কন্যা" —এই উক্তির পরিপ্রেক্ষিতে কপালকুণ্ডলা চরিত্রটির মূল্যায়ন করে এই নারীচরিত্র সৃষ্টিতে বঙ্কিমচন্দ্রের মৌলিক কল্পনা কতটা ক্রিয়াশীল তা আলোচনা করুন। ২০

অথবা

'স্ত্রীর পত্র' গল্পে নারীর আত্মস্বাতন্ত্র্যবোধের যে বলিষ্ঠ রূপটি মৃণালের মধ্য দিয়ে প্রকাশ পেয়েছে, তার পরিচয় দিন। ২০

খ) উপন্যাসের ঘটনাক্রম এবং চরিত্রগত পরিকল্পনায় পদ্মানদীর ভূমিকা কতখানি তা 'পদ্মানদীর মাঝি' উপন্যাস অবলম্বনে বিশ্লেষণ করুন। ২০

অথবা

'সুন্দরম' গল্পটিতে মনস্তাত্ত্বিক বিশ্লেষণের গুরুত্ব কতখানি, আলোচনা করে দেখান। ২০

গ) উপন্যাসে উপকাহিনির প্রয়োজনীয়তা সম্পর্কে বিস্তৃত আলোচনা করুন। প্রসঙ্গত নভেল ও রোমান্সের পার্থক্য সম্পর্কে বিস্তৃত আলোচনা করুন। ১০+১০=২০

অথবা

বিভূতিভূষণ হৃদয়ের সমস্ত অনুভূতি উজাড় করে দিয়ে 'পুঁইমাচা' গল্পটি লিখেছেন—এই উক্তির আলোকে গল্পটির নামকরণ কতখানি সার্থক হয়েছে দেখান। ২০

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২×৩=৩৬

ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসে অতিপ্রাকৃত উপাদান কোথায় কোথায় আছে? উপন্যাসের ঘটনাধারায় জটিলতা সৃষ্টিতে তার ভূমিকা সম্পর্কে আলোচনা করুন। ১২

খ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে জেলেদের জীবনচিত্রণে ঔপন্যাসিকের দৃষ্টিভঙ্গির পরিচয় দিন। ১২

গ) আদর্শ ছোটোগল্পের বৈশিষ্ট্যগুলি পাঠ্যসূচির অন্তর্গত একটি ছোটোগল্প অবলম্বনে আলোচনা করুন। ১২

ঘ) রাঢ় প্রকৃতি ও মানুষ 'তারিণী মাঝি' গল্পে কীভাবে চিত্রিত হয়েছে তা আলোচনা করুন। ১২

ঙ) রবীন্দ্রনাথের যুদ্ধবিরোধী মনোভাব 'ধ্বংস' গল্পে যেভাবে প্রতিফলিত হয়েছে তা প্রকাশ করুন। ১২

চ) ছোটোগল্পের উদ্ভব ও বৈশিষ্ট্য উল্লেখ করুন। প্রসঙ্গত, উপন্যাসের সঙ্গে ছোটগল্পের পার্থক্য নির্দেশ করুন। ১২

ছ) 'টোপ' গল্পের নামকরণ কতখানি তাৎপর্যপূর্ণ, বিচার করুন। ১২

জ) 'তারিণী মাঝি' গল্পটিতে মানব-মনস্তত্ত্ব কতখানি ফুটে উঠেছে তা আলোচনা করুন। ১২

ঝ) 'গণেশ জননী' গল্পটির ভাবসৌন্দর্য কোথায় নিহিত আছে বিশ্লেষণ করে দেখান। ১২

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬×৪=২৪

ক) "আমি বলি কি, নন্দ বে-থা করে পরিবার ঘরে আনুক।" নন্দর জীবনে এর প্রয়োজনীয়তা কতটুকু ছিল ব্যাখ্যা করুন।

ঝ) 'বলাকা' কাব্যের প্রকাশ হয় কবে? এই কাব্যের মূল ভাবনা কী কী? এদের সম্পর্কে সংক্ষেপে লিখুন। ১+১+৪=৬

ঞ) রবীন্দ্রনাথ 'গদ্যছন্দ' বলতে কী বুঝিয়েছেন? তাঁর যে-কোনো দুটি গদ্যছন্দে লিখিত কাব্যের নাম লিখুন। ৪+২=৬

ট) 'যে চাঁদ জাগালো সাগর জোয়ার' উদ্ধৃতিটির অর্থ ও তাৎপর্য বিশ্লেষণ করুন। ৬